

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং-১১

জে,

তারিখঃ ০৩ অষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ
১৭ জুন ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ৫ম উপজেলা পরিষদের সাধারণ নির্বাচন উপলক্ষে (৫ম পর্যায়) গাজীপুর, মাদারীপুর, কুমিল্লা, নোয়াখালী এবং পিরোজপুর জেলার মঠবাড়িয়া উপজেলার নির্বাচনি এলাকায় ১৮ জুন ২০১৯ খ্রিস্টাব্দ মঙ্গলবার সাধারণ ছুটি ঘোষণা প্রসঙ্গে।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-৪ শাখা কর্তৃক জারীকর্তৃক ১১ জুন ২০১৯ খ্রিস্টাব্দ/ ২৮ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ তারিখের স্মারক নং ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০১.১৭-১১৭ প্রজ্ঞাপনমূলে ৫ম উপজেলা পরিষদের সাধারণ নির্বাচন উপলক্ষে (৫ম পর্যায়) শেরপুর, নাটোর, সিরাজগঞ্জ, গাইবান্ধা, পটুয়াখালী, বরগুনা, গাজীপুর, নারায়ণগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, হবিগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা, নোয়াখালী, রাজশাহী, নেত্রকোনা, সুনামগঞ্জ, কিশোরগঞ্জ, পিরোজপুর এবং ফেনী জেলার নির্বাচনি এলাকার সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস/ প্রতিষ্ঠান/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারী এবং সরকারি, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের ভোটাধিকার প্রয়োগ ও ভোট গ্রহণের সুবিধার্থে নির্বাচনকালীন অর্থাৎ ১৮ জুন ২০১৯ খ্রিস্টাব্দ মঙ্গলবার সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে।

০২। এমতাবস্থায়, ১৮ জুন ২০১৯ খ্রিস্টাব্দ মঙ্গলবার ৫ম উপজেলা পরিষদের সাধারণ নির্বাচন উপলক্ষে (৫ম পর্যায়) গাজীপুর, মাদারীপুর, কুমিল্লা, নোয়াখালী এবং পিরোজপুর জেলার মঠবাড়িয়া উপজেলার নির্বাচনি এলাকায় অবস্থিত সকল অধস্তন আদালত সাধারণ ছুটির আওতাভুক্ত থাকবে।

স্বা/-

(মোঃ গোলাম রব্বানী)
রেজিস্ট্রার
হাইকোর্ট বিভাগ
ফোনঃ ৯৫১৪৬৪৬

ই-মেইলঃ registrar_hcd@supremecourt.gov.bd


স্মারক নং- ১ জে-৪৪/১৫- ৪৭২২

জে,

তারিখঃ ০৩ অষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ
১৭ জুন ২০১৯ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জেলা জজ, গাজীপুর/ মাদারীপুর/ কুমিল্লা/নোয়াখালী/পিরোজপুর।
৩. বিশেষ জজ (জেলা জজ), কুমিল্লা/নোয়াখালী।
৪. বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, গাজীপুর/ মাদারীপুর/ কুমিল্লা-১, ২ ও ৩/নোয়াখালী-১ ও ২/ পিরোজপুর।
৫. বিচারক(জেলা জজ), জননিরাপত্তা বিষয়ক অপরাধ দমন ট্রাইব্যুনাল, কুমিল্লা।
৬. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, গাজীপুর/ মাদারীপুর/ কুমিল্লা/নোয়াখালী/পিরোজপুর।
৭. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. অফিস কপি।


(মোঃ মিজানুর রহমান)
সহকারী রেজিস্ট্রার (বিচার)
ফোন : ৯৫৬১৯৩২।